# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২২.৫০

তারিখ: ১১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **জাতীয় বীমা দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতার বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ প্রসঙ্গে**

সূত্র: অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক নং-৫৩.০০.০০০০.২৩৩.৯৯.০০১.১৯.৪;তারিখ: ১৪ জানুয়ারি ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ থেকে প্রাপ্ত পত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রে জাতীয় বীমা দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে সূত্রোক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল স্তরের মাদ্রাসার অধ্যক্ষ/সুপার ও পরিচালনা কমিটিকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৩ (তিন) পৃষ্ঠা।

২৫-০১-২০২৪
প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও রেজিস্ট্রার (02-58616681)
registrar@bmeb.gov.bd

অধ্যক্ষ/সুপার, সভাপতি ও পরিচালনা কমিটির সদস্যবৃন্দ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল স্তরের মাদ্রাসা।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২২.৫০/১(৮)

তারিখ: ১১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। বিভাগীয় কমিশনার (সকল);
২। জেলা প্রশাসক (সকল);
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৪। জেলা শিক্ষা অফিসার (সকল);
৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৬। প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ);
৭। পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এবং
৮। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
www.fid.gov.bd

# রচনা প্রতিযোগিতা

জাতীয় বীমা দিবস-২০২৪ উপলক্ষে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। রচনার গ্রুপ ও বিষয়বস্তু নিম্নরূপঃ

| গ্রুপ | বিষয়বস্তু |
|---|---|
| 'ক' (বিদ্যালয়/মহাবিদ্যালয়/সমমান) | বীমা শিল্পের অগ্রযাত্রায় বঙ্গবন্ধু |
| 'খ' (বিশ্ববিদ্যালয়/সমমান) | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বীমা শিল্পের ভূমিকা |

'ক' গ্রুপের জন্য ১০০০ এবং 'খ' গ্রুপের জন্য ১৫০০ শব্দের মধ্যে বাংলায় নিজ হাতে পরিষ্কার হস্তাক্ষরে রচনা A4 সাইজের কাগজে এক পার্শ্বে লিখতে হবে (উভয় পৃষ্ঠায় নয়)। রচনার সাথে প্রত্যেক শিক্ষার্থীর নাম, পিতা-মাতার নাম, জন্ম তারিখ, জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, মোবাইল নম্বর এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত শিক্ষার্থীর পরিচয়পত্রের ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে।

**আগামী ০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. বিকেল ৪.০০ টার** মধ্যে **"সদস্য-সচিব, রচনা প্রতিযোগিতা আয়োজন বিষয়ক উপ-কমিটি, কক্ষ নম্বর- ৩৩৬, ভবন নম্বর-০৭, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০"** ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে/কুরিয়ারে/ই-মেইলে bimaessaycom2024@gmail.com **(যে কোনো একটি মাধ্যমে)** প্রেরণ করতে হবে। একাধিক মাধ্যমে এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত রচনা বাতিল বলে গণ্য হবে। খামের উপরে/ই-মেইলের subject এ **গ্রুপ ও রচনার শিরোনাম** উল্লেখ করতে হবে।

'ক' ও 'খ' গ্রুপ থেকে আলাদা আলাদাভাবে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীদেরকে যথাক্রমে ২৫,০০০/-, ২০,০০০/- ও ১৮,০০০/- টাকা মূল্যমানের প্রাইজবন্ড ছাড়াও সনদ, ক্রেস্ট ও বই পুরস্কার প্রদান করা হবে।

প্রতিযোগিতার বিষয়ে উপ-কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**(মোঃ জেহাদ উদ্দিন)**
উপসচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
ও
সদস্য-সচিব
রচনা প্রতিযোগিতা আয়োজন বিষয়ক উপ-কমিটি
জাতীয় বীমা দিবস-২০২৪

১০/০২/২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

লিটিগেশন -২ শাখা

www.fid.gov.bd

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২৩৩.৯৯.০০১.১৯.৪

তারিখ: ৩০ পৌষ ১৪৩০

১৪ জানুয়ারি ২০২৪

বিষয়: জাতীয় বীমা দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতার বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১ মার্চ ২০২৪ খ্রি. "জাতীয় বীমা দিবস-২০২৪" উদযাপন উপলক্ষে বিদ্যালয়, মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয় ও সমমানের শিক্ষার্থীদের অংশগ্রহণে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উল্লিখিত রচনা প্রতিযোগিতা সফলভাবে আয়োজনের লক্ষ্যে তাঁর মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/বোর্ড এর ওয়েবসাইটে সংযুক্ত বিজ্ঞপ্তিটি প্রকাশ করা একান্ত আবশ্যক (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, "জাতীয় বীমা দিবস-২০২৪" সফলভাবে উদযাপনের লক্ষ্যে তাঁর মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/বোর্ড এর ওয়েবসাইটে সংযুক্ত বিজ্ঞপ্তিটি প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ পাতা।

১৪-১-২০২৪
মোঃ জেহাদ উদ্দিন
উপসচিব
ফোন: ০২-৫৫১০১১৫৬
ইমেইল: ds.litigation@fid.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
২) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৩) সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৪) মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৫) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৬) মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মাদরাসা শিক্ষা অধিদপ্তর।
৭) মহাপরিচালক (রুটিন দায়িত্ব), কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৮) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
৯) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড।
১০) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
১১) চেয়ারম্যান , চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা।
১২) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।